দৈনিক
ইনকিলাব

তারিখ 21 APR 2008
পৃষ্ঠা 12 কলাম 3

# কোন্দলে শাবিপ্রবিতে তীব্র উত্তেজনা

**শাবিপ্রবি সংবাদদাতা**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দল চরমে পৌঁছেছে। কোন্দল নিয়ে সংঘর্ষ ও আধিপত্য প্রতিষ্ঠাকে কেন্দ্র করে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। গতকাল (রোববার) শাবি ছাত্রলীগের দু'গ্রুপ পৃথকভাবে শোডাউন ও শক্তি প্রদর্শন করে । জরুরী অবস্থার মধ্যেও ছাত্রলীগের দু'গ্রুপের মারমুখী অবস্থান সাধারণ ছাত্র-ছাত্রীদের মাঝে আতঙ্কের সৃষ্টি করেছে। দলীয় গ্রুপিং পৃঃ ১২ কঃ ৪

## ছাত্রলীগের অভ্যন্তরীণ

১২-এর পৃষ্ঠার পর

সৃষ্টিতে ছাত্রলীগ নেতা রাজুর বিরুদ্ধে আবারো ইন্ধনের অভিযোগ তুলেছে দলের ত্যাগী নেতা-কর্মীরা। জানা যায়, শাবি ছাত্রলীগের সৌমিত্র-সাকির গ্রুপের সাথে বিশ্ববিদ্যালয় পার্শ্ববর্তী মদিনা মার্কেট এলাকায় আতিক-মিঠু গ্রুপের ব্যাপক সংঘর্ষ হয়। এ ঘটনায় ১০ জন আহত হয় ও থানায় দু'গ্রুপ পরস্পরের বিরুদ্ধে মামলা করে। সংঘর্ষের ঘটনার পর থেকে শাবি ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করতে থাকে। গতকাল সকাল ৯টা থেকেই দু'গ্রুপ ক্যাম্পাসে কর্মীদের জড়ো করতে থাকে । একপর্যায়ে দু'গ্রুপ ক্যাম্পাসে পৃথক পৃথকভাবে শোডাউন দেয় । এসময় সংঘর্ষের আশঙ্কায় সাধারণ ছাত্র-ছাত্রীদের মাঝে আতংক ছড়িয়ে পড়ে। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টর ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি শান্ত করে ও দু'গ্রুপের সাথে আলাদাভাবে আলোচনা করে। তবে কোন মীমাংসা ছাড়াই দু'গ্রুপের আলোচনা শেষ হয় । শেষ খবর পাওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও পার্শ্ববর্তী ছাত্রলীগ কর্মীদের অবস্থানরত মেসগুলোতে উত্তেজনা বিরাজ করছে ।